



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বা/এ ঢাকা-১০০০।

গবেষণা ও পরিসংখ্যান বিভাগ

Email:dgmrtd@krishibank.org.bd



তারিখ : ১১/০২/২০২১ খ্রিঃ

প্রকা/গবে ও পরিঃ ২৭(এস বি এস)/২০২০-২০২১/৫১৪

মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়

উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা

সকল শাখা ব্যবস্থাপক, (মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ SBS-2,3 প্রতিবেদনে সঠিক ও যথাযথ তথ্য-উপাত্ত সরবরাহ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,


শিরোনামে বর্ণিত বিষয়ে মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। বাংলাদেশে কার্যত সকল তফসিলী ব্যাংক হতে ত্রৈমাসিক ভিত্তিতে বাংলাদেশ ব্যাংক Single Entry-তে এসবিএস ২ এবং এসবিএস ৩ এর মাধ্যমে যথাক্রমে আমানত ও ঋণ সংক্রান্ত সকল তথ্য-উপাত্ত সংগ্রহ করে থাকে। সে প্রেক্ষিতে বাংলাদেশ কৃষি ব্যাংক উক্ত প্রতিবেদন দুটো বাংলাদেশ ব্যাংকের পরিসংখ্যান বিভাগে দাখিল করে আসছে। তবে প্রায়শঃ লক্ষণীয় যে, প্রতিবেদন প্রনয়ণকালে কিছু শাখা ভুল ও অসংগতিপূর্ণ তথ্য সরবরাহ করে আসছে। এ সকল অসংগতিপূর্ণ তথ্যের কারণে বাংলাদেশ ব্যাংক সময়ে সময়ে ব্যাখ্যা তলব করে থাকে। ফলে বাংলাদেশ কৃষি ব্যাংকের ভাবমূর্তি একদিকে যেমন ক্ষুণ্ণ হচ্ছে অন্যদিকে জরিমানা আরোপের ব্যাপারেও ঝুঁকি থেকে যাচ্ছে। এমনকি অত্র ব্যাংকের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বিব্রত হন।

০৩। তাই বাংলাদেশ ব্যাংকের জরিমানা ও ব্যাখ্যা তলব এড়াতে সকল ধরনের ভুল যে কোন মূল্যে পরিহার করতে হবে। শাখার ব্যবস্থাপক মহোদয় ও দ্বিতীয় কর্মকর্তার নিবিড় তত্ত্বাবধানে, বাংলাদেশ ব্যাংকের বই (GUIDELINES TO FILL IN THE BANKING STATISTICS RETURNS SBS-01, SBS-2, SBS-3)-FIFTH EDITION. অনুসরণপূর্বক নির্ভুল প্রতিবেদন প্রস্তুত করতে হবে। উল্লেখ্য, যেহেতু বিলম্বে বিবরণী দাখিলের কারণে বাংলাদেশ ব্যাংক অর্ডার নং-১৯৭২ এর ৩৬(৬) এবং ভুল তথ্য দাখিলের কারণে এই অর্ডারের ৩৬(৭) ধারা মোতাবেক জরিমানা আরোপের বিধান রয়েছে তাই একজন দায়িত্বশীল কর্মকর্তা/ কর্মচারীর মাধ্যমে অত্যন্ত সতর্কতার সাথে নির্ভুলভাবে এবং যথাসময়ে উক্ত বিবরণী কাজ সম্পাদনের পরামর্শ দেওয়া হলো।

০৪। সর্বোপরি, যেহেতু Core Banking Software হতে এসবিএস-২, ৩ প্রতিবেদন সংগ্রহ করা যায় তাই অনতিবিলম্বে অনলাইন শাখার সকল ব্যবস্থাপককে Core Banking Software এ এসবিএস সংক্রান্ত সকল কোড update তথা হালনাগাদ করার জন্য পরামর্শ দেয়া হলো। উল্লেখ্য, প্রতিবেদন সংক্রান্ত কোন ভুলের জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক কোনরূপ জরিমানা/ ব্যবস্থা গৃহিত হলে তার দায়ভার সংশ্লিষ্ট শাখার উপর বর্তাবে।

০৫। বিষয়টি বাংলাদেশ ব্যাংক সংশ্লিষ্ট বিধায় অতিব জরুরী ও গুরুত্বপূর্ণ।

  
তারিখঃ ১১/০২/২০২১  
(পারতীন আকতার)  
মহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

প্রকা/গবে ও পরিঃ ২৭ (এস বি এস)/২০২০-২০২১/৫১৪(১১০৪)

তারিখ : ১১/০২/২০২১ খ্রিঃ

- ০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন মহাবিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, সকল বিভাগীয় কার্যালয়।
- ০৩। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। (পত্রখানা ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
- ০৪। সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়। (অঞ্চলাধীন শাখা সমূহের এসবিএস সংক্রান্ত সকল কোড update তথা হালনাগাদকরণ নিবিড় তদারকির জন্য পরামর্শ দেওয়া হলো)।
- ০৫। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক (স্থানীয় মুখ্য কার্যালয়সহ)।
- ০৬। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। নথি।

  
তারিখঃ ১১/০২/২০২১  
(লাভলী ইয়াসমিন)  
উপ-মহাব্যবস্থাপক